দৈনিক ইত্তেফাক

তারিখ 13 APR 1993
পৃষ্ঠা ... কলাম ...

## একবছর পরেও ১৪ জন এইচএসসি পরীক্ষার্থীর ফল প্রকাশিত হয় নাই

পিরোজপুর সংবাদদাতা ॥ পরীক্ষার ফলাফল প্রকাশের প্রায় এক বৎসর পরও যশোর বোর্ডের ১৪ জন উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থী তাহাদের ফলাফল জানিতে পারে নাই। উক্ত পরীক্ষার্থিগণ যথা-নিয়মে পরীক্ষার ফী ও কাগজপত্র জমা দিয়া বিগত বছর অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক পরীক্ষায় স্থানীয় সরকারী সোহরাওয়ার্দী কলেজ কেন্দ্র হইতে অংশ নেয়। নকলের দায়ে তাহাদের কেহ অভিযুক্ত নয়। কিন্তু ফলাফল প্রকাশের সময় দেখা

(৪র্থ পৃঃ দ্রঃ)

### এক বছর পরও

(৩য় পৃঃ পর)

যায় ১৮ জন পরীক্ষার্থীর ফলাফল স্থগিত। উহার কোন কারণও প্রদর্শন করা হয় নাই। ১৮ জন পরীক্ষার্থীর মধ্যে ৪ জন অনেক চেষ্টা-তদ্বির ও অর্থদণ্ড দিয়া তাহাদের ফলাফল জানিতে পারিয়াছে। বাকী ১৪ জন নানাভাবে চেষ্টা করিয়াও পরীক্ষার ফলাফল জানিতে পারে নাই। এদিকে উহাদের মধ্যে অকৃতকার্য পরীক্ষার্থীর পক্ষে আগামী পরীক্ষায় অংশগ্রহণের সুযোগও নাই। এমতাবস্থায় সংশ্লিষ্ট পরীক্ষার্থীরা হতাশার মধ্যে দিন কাটাইতেছে।